

জেএসসি পরীক্ষা- ২০১৭ ইং  
গার্হস্থ্য বিজ্ঞান- ১৫১  
সৃজনশীল উত্তর পত্র ।

১নং প্রশ্ন উঃ

- ক) সম্পদ হচ্ছে চাহিদা পূরণের হাতিয়ার ।  
খ) পরিকল্পনা অনুসারে শক্তির ব্যবহারকে বোঝায় ।  
মানবীয় সম্পদের মধ্যে শক্তি অন্যতম । মানবীয় সম্পদ বলতে বোঝায় যা চোখে দেখা যায় না, ব্যক্তি বিশেষে শক্তির তারতম্য ঘটে, শক্তি ব্যবহারে সকলকে যত্নবান হওয়া উচিত ।

২নং প্রশ্ন উঃ

- ক) প্রাথমিক চিকিৎসার সরঞ্জামাদি যে বাক্সে রাখা হয় তাকে ফাষ্ট এইড বক্স বলে ।  
খ) হঠাৎ কার কোনো দুর্ঘটনা ঘটার সাথে সাথে চিকিৎসকের কাছে যাওয়ার আগে, আহত ব্যক্তির জীবন রক্ষায় বা তাকে সাময়িক ভাবে আরাম দেওয়ার জন্য জ্ঞান ও দক্ষতা দ্বারা যে ব্যবস্থা গ্রহণ করা হয়, তাই প্রাথমিক চিকিৎসা ।

৩নং প্রশ্ন উঃ

- ক) ইনফুয়েঞ্জা ভাইরাসজনিত, বায়ুবাহিত ও সংক্রামক ব্যাধি ।  
খ) ডায়রিয়া প্রধানত পানিবাহিত রোগ । সাধারণত অপরিষ্কার ও জীবানুযুক্ত খাদ্য থেকে ডায়রিয়া হয় ।

৪নং প্রশ্ন উঃ

- ক) ধূমপান এবং মাদক দ্রব্য যখন ব্যক্তির মধ্যে আসক্তি বা নেশা তৈরী করে তখনকার অবস্থায়ই হলো মাদকশক্তি ।  
খ) কৈশোরে বন্ধু গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে । কৈশোরে বন্ধুর সাহচর্যে, কাজের উৎসাহ ও উদ্দীপনা যোগায় । বন্ধুদের মাধ্যমে প্রয়োজনীয় বস্তু আদান প্রদান করা যায় । একে অন্যের দুর্বল দিকের প্রতি সচেতন হওয়া যায় ।

৫নং প্রশ্ন উঃ

- ক) ছেলেদের বয়স ২১ বছরের নিচে এবং মেয়েদের বয়স ১৮ বছরের নিচে যে বিয়ে হয় তাকে বাল্য বিবাহ বলে ।  
খ) টিভিতে অনেক সময় ব্যয় করলে লেখাপড়া, খেলাধুলা বা অন্যান্য কাজের সময় কমে আসে । এছাড়াও তারা প্রাকৃতিক আলো-বাতাস থেকে বঞ্চিত হয় । অনেকক্ষন টিভি দেখলে শারীরিকভাবেও ক্লান্তি আসে চোখের সমস্যা হয় ।

৬নং প্রশ্ন উঃ

- ক) ভিটামিন 'ডি' এর অভাবে শিশুদের রিকেট এবং বড়দের ওস্টিওম্যালেসিয়া হয় ।  
খ) গয়টার রোগ আয়োডিনের অভাবে হয়ে থাকে । গয়টার রোগ হলে খাদ্য তালিকায় সামুদ্রিক মাছ রাখতে হবে । আয়োডিনযুক্ত লবন দিয়ে রান্না করতে হবে ।

৭নং প্রশ্ন উঃ

- ক) প্রোটিন ও ক্যালরির অভাবে যে অপুষ্টি দেখা দেয় তাকে প্রোটিন ক্যালরি অপুষ্টি বা PCM বলে ।  
খ) লৌহের অভাবে রক্তের স্বল্পতা দেখা দেয় । লৌহ সমৃদ্ধ খাদ্য গ্রহণ এবং এর পরিপূরক ট্যাবলেট নির্দিষ্ট মাত্রায় গ্রহণ করতে হবে ।

৮নং প্রশ্ন উঃ

- ক) খাদ্যকে গ্রহণ উপযোগী, সুস্বাদু, সুগন্ধময় ও আকর্ষণীয় করে তোলা ।  
খ) স্বাস্থ্যসম্মত খাবার প্রস্তুতকরন ও পরিবেশনের পূর্বশর্ত হচ্ছে রন্ধনকারীর ব্যক্তিগত পরিষ্কার-পরিচ্ছন্নতা । এক্ষেত্রে রন্ধনকারীর নখ, চুল, দাঁতের পরিচ্ছন্নতা থেকে শুরু করে পরিধেয় বস্ত্র, ব্যক্তিগত সুস্বাস্থ্য, কাজ করার সময় পরিচ্ছন্নতার প্রতি সচেতনতা ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত ।

৯নং প্রশ্ন উঃ

- ক) অপরিণত ফল পাকানোর জন্য যে পদার্থ ব্যবহৃত হয় তাকে কার্বাইড বলে ।  
খ) মিলাদ, সেমিনার, বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে প্যাকেট খাবার পরিবেশন করা হয় । স্ন্যাকস, লাঞ্চ প্যাকেট বা বাক্সে সহজে অধিকসংখ্যক লোকের মধ্যে পরিবেশন করা যায় ।

১০নং প্রশ্ন উঃ

- ক) সুতা হচ্ছে বুনন বা নিটিং প্রক্রিয়ার মূল উপকরণ ।  
খ) সাদাসিধা বুনন । এই বুননে একটি পড়ন সুতা একটি টানা সুতার উপর নিচ দিয়ে অতিক্রম করে । এ ধরনের কাপড়ে ময়লা হলে সহজে চোখে পরে এবং সহজেই পরিষ্কার করা যায় ।

১১নং প্রশ্ন উঃ

- ক) পোশাকটির সেলাইয়ের মান, নকশার উপযুক্ততা, ফিটিং ইত্যাদির সমন্বিত অবস্থাকে বোঝায় ।  
খ) পোশাকের ফিটিং এমন হওয়া বাঞ্ছনীয় যাতে উঠা-বসা, হাটা-চলা ইত্যাদি নৈমিত্তিক কাজে অসুবিধা না হয় । এজন্য পরিধানকারীর দেহের প্রকৃত মাপের সাথে কিছু বাড়তি মাল যোগ করা হয় ।

স্বাক্ষর

স্বাক্ষর

স্বাক্ষর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল  
জে এস সি পরীক্ষা ২০১৭ ইং  
বছনির্বাচনী প্রশ্নের অভীক্ষার উত্তরমালা

বিষয় ও পত্রঃ গার্হস্থ্য বিজ্ঞান

বিষয় কোডঃ ১৫১

পূর্ণমানঃ ৩০

১	-	ক	১১	-	ক	২১	-	গ
২	-	ক	১২	-	গ	২২	-	খ
৩	-	গ	১৩	-	ঘ	২৩	-	গ
৪	-	ক	১৪	-	ক	২৪	-	খ
৫	-	গ	১৫	-	খ	২৫	-	খ
৬	-	খ	১৬	-	খ	২৬	-	ক
৭	-	ঘ	১৭	-	খ	২৭	-	ঘ
৮	-	খ	১৮	-	ঘ	২৮	-	গ
৯	-	গ	১৯	-	খ	২৯	-	খ
১০	-	ক	২০	-	খ	৩০	-	ক

কামরুল হোসেন

সিনিয়র শিক্ষক — প্রকৌশল (১০০১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০১৭১২৭৭৬১৭২

রুফা প্রাণ অরফাত

সিনিয়র শিক্ষক/প্রকৌশল (১০০১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০১৭২৭১৭১৬৫৭